গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০১০.২৩.

তারিখঃ অগ্রহায়ন ১৪৩২ / নভেম্বর ২০২৫

**বিষয়ঃ বেগম রোকেয়া দিবস ২০২৫ ও পদক প্রদান অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:-**

সভাপতি: শারমীন এস মুরশিদ
মাননীয় উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সভার তারিখ: ২৫/১১/২০২৫ তারিখ, দুপুর ০৩.০০ ঘটিকা।
সভার স্থান: বাংলাদেশ শিশু একাডেমি।

উপস্থিত কর্মকতাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মমতাজ আহমেদ এনডিসি, অতিরিক্ত সচিবসহ সকল দপ্তর সংস্থার প্রধানগণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং গঠিত সকল উপ-কমিটির আহবায়ক ও সদস্য সচিব উপস্থিত ছিলেন। সভাপতি আগামী ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখে বেগম রোকেয়া দিবসের অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টার সরাসরি উপস্থিতির বিষয়টি অবহিতক্রমে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আহবান জানান।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র ও চেকলিস্ট উপস্থাপন করেন। সভায় প্রতিটি কমিটি ভিত্তিক আলোচনাক্রমে সার্বিক প্রস্তুতি পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ | গত ২৩/১০/২০২৫ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে বেগম রোকেয়া দিবস-২০২৫ উদ্‌যাপনের জন্য ওসমানী স্মৃতি মিলনায়তন ভেন্যু হিসেবে বরাদ্দ পাওয়া গিয়েছে। | বেগম রোকেয়া দিবস ২০২৫ উদ্‌যাপন অনুষ্ঠান ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। | মশিবিম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২. | প্রধান অতিথির আসন অলংকৃতকরণের সানুগ্রহ অনুমোদন | বেগম রোকেয়া দিবস ও বেগম রোকেয়া পদক প্রদান উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টা প্রধান অতিথির আসন অলংকৃত করতে সার-সংক্ষেপে গত ১৮/১১/২০২৫ তারিখে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। | মাননীয় প্রধান উপদেষ্টা সম্মতি জ্ঞাপন করেছেন। | মশিবিম |
| ৩. | বেগম রোকেয়া পদক ২০২৫ ও বেগম রোকেয়া পদক প্রদান উদযাপন উপলক্ষে খসড়া অনুষ্ঠানসূচি অনুমোদন | সার-সংক্ষেপ ও অনুষ্ঠানসূচি মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে। | মাননীয় প্রধান উপদেষ্টা অনুষ্ঠানসূচি সদয় অনুমোদন করেছেন। | মশিবিম |
| ৪. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | বিগত সভার সিদ্ধান্তের আলোকে সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে আলোচনায় মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ও সাংস্কৃতিক অনুষ্ঠান, মঞ্চ ও সাজসজ্জা উপকমিটির আহবায়ক জানান যে,<br>i) একটি প্রামান্য চিত্র;<br>ii) ড. সামিনা লুৎফার রচিত একটি নাটিকা এবং<br>iii) পঞ্চকন্যা সাংস্কৃতিক সংগঠনের উপস্থাপনায় ০৫ জন জুলাই যোদ্ধা নারীর বীরত্বগাথা নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানটি সাজানো হয়েছে। ৩টি বিষয়ের উপস্থাপনায় ২০-২৫ মিনিটের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টার অনুমোদনক্রমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | i) একটি প্রামান্য চিত্র;<br>ii) একটি নাটিকা এবং<br>iii) ০৫ জন জুলাই যোদ্ধা নারীদের বীরত্বগাথা নিয়ে উপস্থাপনা সর্বমোট ২০-২৫ মিনিটের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | ভেন্যুর আশে পাশে তোরণ নির্মাণ/ ব্যাকড্রপস্ক্রীন/ ব্যানার টানানো ইত্যাদি সংক্রান্ত | তোরণ, ব্যাকড্রপ স্ক্রীন, ব্যানার ইত্যাদির ডিজাইন চূড়ান্ত করে মাননীয় উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে। সড়ক দ্বীপ সজ্জিতকরণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | তোরণ, ব্যাকড্রপ স্ক্রীন, ব্যানার ইত্যাদির ডিজাইন চূড়ান্ত করে মাননীয় উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে এবং সড়ক দ্বীপ সজ্জিতকরনের জন্য ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মবিঅ ও সংশ্লিষ্ট উপকমিটি |
| ৬. | স্বর্ণ পদক তৈরি সংক্রান্ত | পদকে নাম খোদাইয়ের পূর্বে ও পরে স্বর্ণ পদকের খাঁটিত্ব ও ওজন পরিমাপ করার জন্য দরদাতা ও প্রস্তাব মূল্যায়ন এবং ভেজালমুক্ত স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটির সভা আহবান করা হবে। | পদকে নাম খোদাইয়ের পূর্বে ও পরে স্বর্ণ পদকের খাঁটিত্ব ও ওজন পরিমাপ করে বুঝে নেয়ার জন্য দরদাতা ও প্রস্তাব মূল্যায়ণ এবং ভেজালমুক্ত স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মশিবিম ও সংশ্লিষ্ট উপ কমিটি |
| ৭. | প্রার্থী নির্বাচন সংক্রান্ত | গত ১২/১১/২০২৫ তারিখে জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি'র বিবেচনার জন্য সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মশিবিম, মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ বিভাগ, সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৮. | অনুষ্ঠানস্থল প্রস্তুতকরণ ও সাজসজ্জা এবং মঞ্চ সজ্জা সংক্রান্ত | সংশ্লিষ্ট উপ-কমিটি কার্যক্রম গ্রহণ করবে এবং সার্বক্ষণিক মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়কে কার্যক্রম সম্পর্কে অবহিত করবে। | অনুষ্ঠানস্থল প্রস্তুতকরণ, সাজসজ্জা এবং মঞ্চ সজ্জা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মহিলা বিষয়ক অধিদপ্তর সার্বক্ষণিক মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করতে হবে। | মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৯. | ভেন্যুর সার্বিক নিরাপত্তার ব্যবস্থাকরণ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ১০. | পরিস্কার-পরিচ্ছন্নতা | ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশন এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ১১. | SMS প্রস্তুত/ প্রেরণ | দিবসটির তাৎপর্য তুলে ধরে সকল মোবাইল গ্রাহককে মনোনীত SMS প্রেরণের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্তি স্বীকারপত্র পাওয়া গিয়েছে।<br>মনোনীত এসএমএস-<br>**"তিনি সমতার পথ দেখিয়েছেন, আমরা সাহসের সাথে চলছি। সবাইকে বেগম রোকেয়া দিবসের শুভেচ্ছা।"** | পত্র প্রেরণের প্রেক্ষিতে সকল বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | সমন্বয় শাখা, মশিবিম। |
| ১২. | অগ্নি নির্বাপন ব্যবস্থা | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ১৩. | অনুষ্ঠানের আলোকচিত্র গ্রহণ সংক্রান্ত | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রধান তথ্য কর্মকর্তা , পিআইডি এর প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ১৪. | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান যে, এ সংক্রান্ত পত্র পাওয়া গিয়েছে। সে প্রেক্ষিতে প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | অনুষ্ঠান সরাসরি বাংলাদেশ বেতার/ বিটিভিতে সম্প্রচার সংক্রান্ত | বেগম রোকেয়া দিবস-২০২৫ উদ্‌যাপন ও পদক প্রদান অনুষ্ঠান সরাসরি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সম্প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি বাংলাদেশ বেতার/বিটিভি প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্র প্রেরণের প্রেক্ষিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং বাংলাদেশ বেতার/বিটিভি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ১৬. | পদকপ্রাপ্ত ব্যক্তিগণের সংক্ষিপ্ত জীবনী তৈরি ও প্রেজেন্টেশন প্রস্তুত | প্রচার ও প্রকাশনা উপ-কমিটি পদকপ্রাপ্ত ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী তৈরি ও প্রেজেন্টেশন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । | সংশ্লিষ্ট উপ-কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মশিবিম/মবিঅ/ সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৭. | পদকপ্রাপ্তদের মধ্য হতে ০২ (দুই) জনের অনুভূতি ব্যক্তকরণ | চূড়ান্ত অনুমোদিত পদক প্রাপ্তদের মধ্য থেকে দুইজনের অনুভূতি ব্যক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। পদকপ্রাপ্ত ব্যক্তির কাছ থেকে স্ক্রিপ্ট পাওয়ার পর অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হবে। | পদকপ্রাপ্তদের মধ্য হতে ০২ (দুই) জন অনুভূতি ব্যক্ত করবেন। | মশিবিম, মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৮. | সম্মাননাপত্রে মাননীয় প্রধান উপদেষ্টার স্বাক্ষর গ্রহণ | পদকের জন্য মনোনীত নারীদের নামে প্রস্তুতকৃত সম্মাননাপত্রে মাননীয় প্রধান উপদেষ্টার স্বাক্ষর গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | নির্বাচিত পদকপ্রাপ্তদের সম্মাননাপত্রে মাননীয় প্রধান উপদেষ্টার স্বাক্ষর গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মশিবিম/সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৯. | ঘোষক/ঘোষিকা, ইশারা/ সাংকেতিক ভাষায় উপস্থাপনের জন্য উপস্থাপনকারী নির্বাচন | ২০২৫ সালের বেগম রোকেয়া পদক অনুষ্ঠানে একজন পুরুষ ঘোষক এবং নারী একজন ঘোষিকা রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য, নথিতে অনুমোদন সাপেক্ষে ২জন নির্বাচন ঘোষিকা অনুমোদন করা হয়েছিল। উক্ত অনুষ্ঠানে একজন পুরুষ ঘোষক নির্বাচনের জন্য নথি পুন:উপস্থাপনের বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | একজন ঘোষক নির্বাচন করতে হবে। | মশিবিম/মবিঅ |
| ২০. | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণী প্রস্তুতকরণ | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া স্ব স্ব দপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রধান উপদেষ্টার কার্যালয় হতে মাননীয় প্রধান উপদেষ্টার বাণী পাওয়া গিয়েছে। | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, , মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | সমন্বয় শাখা, মশিবিম |
| ২১. | মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের ভাষণের খসড়া প্রণয়ন | মাননীয় প্রধান উপদেষ্টার ভাষণের খসড়া প্রধান উপদেষ্টার কার্যালয়ে, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের ভাষণের খসড়া অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | সমন্বয় শাখা, মশিবিম |
| ২২. | অতিথিদের নামের তালিকা প্রণয়ন | অতিথিদের নামের আংশিক তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। পূর্ণাঙ্গ তালিকা প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়েছে। | অতিথিদের নামের তালিকা মাননীয় উপদেষ্টার অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মশিবিম ও মবিঅ |
| ২৩. | প্রণীত তালিকা অনুযায়ী খাম মুদ্রণ, তদারকি ও বিতরণ | নির্ভুল দাওয়াতপত্র ও খাম মুদ্রণ এবং দাওয়াতপত্র বিতরণ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করবে। | নির্ভুল দাওয়াতপত্র ও খাম মুদ্রণ এবং দাওয়াতপত্র বিতরণ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করতে হবে। | মবিঅ |
| ২৪. | পদকের জন্য মনোনীতদের মধ্যে পদক বিতরণ/গ্রহণে সহায়তা করা । | সহায়তাকারী কর্মকর্তাদের নামের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে পাওয়া গিয়েছে। চূড়ান্ত ৫ জন পদক প্রাপ্তদের নাম পাওয়ার পর মহিলা বিষয়ক অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের মনোনীত কর্মকর্তাদের দায়িত্ব বিভাজন করে নথি উপস্থাপন করা হবে। যেহেতু সর্বক্ষেত্রে পুরুষের পাশাপাশি নারীর অংশগ্রহন রয়েছে সে প্রেক্ষিতে অনুষ্ঠানে উপস্থাপনাসহ মঞ্চে পদক বিতরণে সহায়তার জন্য নারী কর্মকর্তার পাশাপাশি পুরুষ কর্মকর্তার নাম রাখার জন্য সভায় আলোচনা হয়। নাম নির্ধারণ হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করতে হবে। | মশিবিম ও মবিঅ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | অনুষ্ঠানের পান্ডুলিপি তৈরী | অনুষ্ঠানের পান্ডুলিপি নথিতে উপস্থাপনের মাধ্যমে অনুমোদন পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | অনুষ্ঠানের পান্ডুলিপির বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটি কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম, মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬. | ঘোষক/ঘোষিকা, ইশারা ভাষাকারীর ও পদক প্রাপ্তদের অনুষ্ঠানস্থলে নিয়ে আসা ও পৌছানোর ব্যবস্থা করা | সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে নামের তালিকা পাওয়া গিয়েছে। অনুমোদিত তালিকা পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করা হবে। | প্রস্তাবিত সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মশিবিম/সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৭. | পদকের গায়ে পদকের জন্য মনোনীতদের নাম খোদাইয়ের ব্যবস্থা গ্রহণ | এ বিষয়ে দরদাতা ও প্রস্তাব মূল্যায়ণ এবং ভেজালমুক্ত স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | দরদাতা ও প্রস্তাব মূল্যায়ণ এবং ভেজালমুক্ত স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি পদকের গায়ে পদকপ্রাপ্ত ব্যক্তিদের নাম খোদাইয়ের ব্যবস্থা গ্রহণ করবে। | মশিবিম ও গঠিত সমন্বয় কমিটি |
| ২৮. | পদকের গুণগত মান পরীক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সার্টিফিকেট গ্রহণ | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান, রসায়ন বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা থেকে পদকের গুণগত মানের সার্টিফিকেট গ্রহণ করা হবে। এ সংক্রান্ত গঠিত সার্বিক সমন্বয় কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | দরদাতা ও প্রস্তাব মূল্যায়ণ এবং ভেজালমুক্ত স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি এবং পরমাণু শক্তি কেন্দ্রকে পত্র প্রেরণ করতে হবে। | মশিবিম |
| ২৯. | পদক সংরক্ষণ ও ব্যবস্থাপনায় দায়িত্ব প্রদান | সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মশিবিম, মবিঅ |
| ৩০. | পোস্টার, বুকলেট ও ক্রোড়পত্র প্রকাশ এবং পোস্টার মুদ্রণ সংক্রান্ত | ৩টি ইংরেজী ও ৬টি বাংলা পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের জন্য মাননীয় উপদেষ্টা কর্তৃক পত্রিকার নাম মনোনীত করা হয়েছে। পুস্তিকা ও ক্রোড়পত্র মুদ্রণ সংক্রান্ত গঠিত কমিটি লেখা সংগ্রহ এবং অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পুস্তিকা ও ক্রোড়পত্র মুদ্রণ সংক্রান্তে গঠিত কমিটি লেখা সংগ্রহ এবং অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম, মবিঅ |
| ৩১. | জেলা ও উপজেলায় দিবস উদ্‌যাপন | মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধিগণ সভাকে জানান যে, অধিনস্থ জেলা উপজেলার প্রতিনিধিদের এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | পত্রের পরিপ্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থা এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম, মবিঅ, জামস |
| ৩২. | দেশব্যাপী বেগম রোকেয়া দিবস ২০২৫ উদ্‌যাপন | স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ক্রমে মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা তাদের জেলা/উপজেলা পর্যায়ে দেশব্যাপী দিবসটি উদযাপনের জন্য দিক নির্দেশনা প্রদান করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৩/১১/২০২৫ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। | স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ক্রমে মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা তাদের জেলা/উপজেলা পর্যায়ে দেশব্যাপী দিবসটি উদযাপনের জন্য দিক নির্দেশনা প্রদান করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | মশিবিম, মবিঅ, জামস ও বাশিএ |
| ৩৩. | অনুষ্ঠান চলাকালীন আইন শৃঙ্খলা রক্ষা | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্রের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ৩৪. | এ্যাম্বুলেন্স মেডিকেল টীম | স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি জানান যে, প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | মশিবিম |
| ৩৫. | পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ | বিগত বছরের ন্যায় ৪টি ধর্মগ্রন্থ থেকে পাঠকারীদের স্ক্রিপ্ট ও নামের তালিকা সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | অনুমোদনক্রমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | মশিবিম ও মবিঅ |
| ৩৬. | এসএসএফের সাথে যোগাযোগ রক্ষা | মাননীয় প্রধান উপদেষ্টার সরাসরি অনুষ্ঠানস্থলে উপস্থিতির ক্ষেত্রে এসএসএফের সাথে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মাননীয় প্রধান উপদেষ্টার সরাসরি অনুষ্ঠানস্থলে উপস্থিতির ক্ষেত্রে এসএসএফের সাথে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট উপ-কমিটিকে কাযক্রম গ্রহণ করতে হবে। | মবিঅ, সংশ্লিষ্ট উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭. | দিবসের তাৎপর্য প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে টক-শো'র আয়োজন | দিবসের তাৎপর্য প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে টক-শো'র আয়োজনের জন্য গত ০৫/১১/২০২৫ তারিখে বাংলাদেশ টেলিভিশনে ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ২৫/১১/২০২৫ তারিখ ২০২৪ সালে বেগম রোকেয়া পদকপ্রাপ্তদের সমন্বয়ে আলোচনা/টক শো আয়োজনের জন্য বাংলাদেশ টেলিভিশনে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত বাংলাদেশ বেতারের প্রতিনিধি অনুরূপ টক-শো বেতারে প্রচারের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, বাংলাদেশ টেলিভিশনের ন্যায় বাংলাদেশ বেতারেও ২০২৪ সালে পদকপ্রাপ্তদের সমন্বয়ে আয়োজিত আলোচনা/টক শো সরাসরি আয়োজন ও ২০২৪ সালে পদকপ্রাপ্তদের আলোচনা/টক শো তে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ করা হবে। এছাড়া, বেসরকারি টিভি চ্যানেলগুলোতে টক শো আয়োজন করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। টিভি চ্যানেলের নাম অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম সম্পাদন করা হবে। | এ বিষয়ে বাংলাদেশ টেলিভিশনের ন্যায় বাংলাদেশ বেতারে এবং ২০২৪ সালে পদকপ্রাপ্তদের আলোচনা/টক শো-তে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ পত্র প্রেরণ করতে হবে। | মশিবিম, মবিঅ, সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৩৮. | বাজেট | "বেগম রোকেয়া দিবস- ২০২৫ প্রদান অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ভার মহিলা বিষয়ক অধিদপ্তর এর রাজস্ব বাজেট থেকে নির্বাহ করা হবে। | বেগম রোকেয়া দিবস ও পদক প্রদান অনুষ্ঠানের যাবতীয় ব্যয় মহিলা বিষয়ক অধিদপ্তর এ খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করবে। | মবিঅ |

সভাপতি উপস্থিত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিদের মাননীয় প্রধান উপদেষ্টার সরাসরি উপস্থিতিতে আয়োজিত অনুষ্ঠান সফল করার জন্য পূর্বের ন্যায় এবারও সার্বিক সহযোগিতার অনুরোধ জানান। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/১২/২০২৫
শারমিন এস মুরশিদ
উপদেষ্টা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০০.২৫(অংশ-৩).২৬০

তারিখ ১৮ অগ্রহায়ন ১৪৩২ / ০৩ ডিসেম্বর ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৬) সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) পুলিশ কমিশনার, পুলিশ কমিশনারের দপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।
৯) অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১২) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১৩) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
১৪) প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

১৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ঢাকা
১৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৮) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৯) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০) পরিচালক (যুগ্মসচিব), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২১) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২৪) অতিরিক্ত পরিচালক (উপসচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২৫) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

**অনুলিপি [সদয় জ্ঞাতার্থে] ঃ**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩.১২.২০২৫

(আফরোজা বেগম)
সহকারী সচিব (সমন্বয়)
ফোন ঃ ৫৫১০০২৪১
ই-মেইল: sasadmn2@gmail.com